

শূন্য এ বুকো পাখী মোর আয়  
ফিরে আয় ফিরে আয়!  
তোরে না হেরিয়া সকালের ফুল  
অকালে ঝরিয়া যায় ॥  
তুই নাই বলে ওরে উন্মাদ  
পান্ডুর হল আকাশের চাঁদ,  
কেঁদে নদী-জল করুণ বিষাদ  
ডাকে, আয় তীরে আয়!  
আকাশে মেলিয়া শত শত কর  
খোঁজে তোরে তরু ওরে সুন্দর!  
তোর তরে বনে উঠিয়াছে ঝড়  
লুটায় লতা ধূলায় ॥  
তুই ফিরে এলে, ওরে চঞ্চল  
আবার ফুটিবে বনে ফুল-দল,  
ধূসর আকাশ হইবে সুনীল  
তোর চোখের চাওয়ায় ॥